

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ২. ৯. পৃথিবীর সকল সৃষ্টির কাছে পলের ইঞ্জিল প্রচার

খ্রিষ্টান পণ্ডিতরা একমত যে, যীশু খ্রিষ্ট ৩৩ খ্রিষ্টাব্দের দিকে স্বর্গারোহণ করেন। এর কয়েক বছর পরে সাধু পল নিজেকে যীশুর প্রেরিত বলে দাবি করেন। ৬০ খ্রিষ্টাব্দের দিকে পল জেরুজালেমে বন্দি হন এবং রোমে নেওয়ার পর সম্ভবত ৬২ খ্রিষ্টাব্দে নিহত হন। তিনি ৫০ থেকে ৬০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বছর দশেক রোম ও অন্যান্য স্থানে খ্রিষ্টধর্ম প্রচার করেন। তিনি লেখেছেন যে, আকাশের নিচে সকল সৃষ্টির কাছেই তিনি সুসমাচার প্রচার করেছেন: "যদি তোমরা ঈমানে বদ্ধমূল ও অটল হয়ে স্থির থাক, এবং সেই ইঞ্জিলের প্রত্যাশা থেকে বিচলিত না হও যা তোমরা শুনেছ, যা আসমানের নিচে সমস্ত সৃষ্টির কাছে তবলিগ করা হয়েছে, আমি পৌল যার পরিচারক হয়েছি (the gospel, which ye have heard, and which was preached to every creature which is under heaven; whereof I Paul am made a minister)। (কলসীয় ১/২৩, মো.-১৩)

তাহলে আমরা জানছি যে, আকাশের নিচে পুরো পৃথিবীর সকল দেশের সকল মানুষের এবং সকল পশু, পাখি, কীট, পতঙ্গ, মাছ ইত্যাদি সকল সৃষ্টির কাছেই পল সুসমাচার প্রচার করেছিলেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14396

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন